# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
## ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**
**Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com**


***Ref:*** ***Date:*** *৭ ডিসেম্বর ২০১৬*

**সংবাদ বিজ্ঞপ্তি**

## ধরপাকড়, নিযাতন ও হয়রানির বন্ধ এবং আটককৃত নেতাকর্মীদের মুক্তির দাবিতে খাগড়াছড়ি থেকে ধুধুকছড়া পর্যন্ত ইউপিডিএফ-এর মানববন্ধন কর্মসূচী পালিত

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর কেন্দ্রীয় নেতা এবং খাগড়াছড়ি ইউনিটের প্রধান সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা ও পিসিপি নেতা বিপুল চাকমাসহ কারাবন্দী ইউপিডিএফ নেতা-কর্মীদের মুক্তি এবং বেপরোয়া ধরপাকড়, নির্যাতন ও হয়রানি বন্ধের দাবিতে খাগড়াছড়ি সদর থেকে পানছড়ির ধুধুকছড়া পর্যন্ত মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বুধবার ৭ ডিসেম্বর ২০১৬ ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ও উপজেলা ইউনিটের যৌথ উদ্যোগে ও বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক ও সামাজিক সংগঠনের অংশগ্রহণে এ কর্মসূচী পালন করা হয়।

সকাল ১০ টা থেকে সাড়ে ১০ টা পর্যন্ত আধা ঘন্টাব্যাপী চলা এই মানববন্ধনে শত শত ছাত্র-জনতা অংশ নেন। খাগড়াছড়ি সদরের স্বনির্ভর থেকে জামতলা, পেরাছড়া, কুকিছড়া, ছোটনালা, শিব মন্দির, মুনিগ্রাম, ভাইবোনছড়া, কুরাদিয়াছড়া, পানছড়ি কলেজ গেইট, পানছড়ি সদর বাজার ও পুজগাঙ হয়ে ধুধুকছড়া পর্যন্ত ৩০ কিলোমিটার দীর্ঘ খাগড়াছড়ি-পানছড়ি-লোগাং সড়কে দাঁড়িয়ে জনতা ব্যানার ও প্ল্যাকার্ড হাতে বেপরোয়া ধরপাকড়, নির্যাতন ও হয়রানি বন্ধ এবং অন্যায়ভাবে আটক ইউপিডিএফ নেতাকর্মীদের নিঃশর্ত মুক্তি দাবি জানান।

শান্তিপূর্ণ মানববন্ধন চলাকালে সেনাবাহিনীর সদস্যরা খাগড়াছড়ি জেলা সদরের জামতলী এলাকায় কর্মসূচী ভণ্ডুল করে দিতে চাইলে জনগণের তীব্র প্রতিবাদের মুখে তারা ব্যর্থ হয়। জামতলীবাসীরা তাদের এলাকার ব্যানারে মানববন্ধনে অংশ নেন।

অপরদিকে পানছড়ি সদরের কলাবাগানে ১০টি ক্লাব, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন মানববন্ধনে অংশ নেয়। সেখানে পানছড়ি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নেতৃত্বে অংশগ্রহণকারীদের বাধা দেয়ার চেষ্টা করা হয়।

মানববন্ধনে বক্তারা অভিযোগ করে বলেন, ইদানিং সারা পার্বত্য চট্টগ্রামে রাজনৈতিক নিপীড়ন বৃদ্ধি পেয়েছে। বেপরোয়া ধরপাকড়, নির্যাতন, হয়রানি প্রতিদিনের ঘটনা হয়ে দাঁড়িয়েছে। অপরদিকে গণতান্ত্রিক অধিকার সংকুচিত করা হয়েছে। একটি বিশেষ সম্প্রদায়ের ও সংগঠনের লোকজন ছাড়া পাহাড়ি সংগঠনগুলোকে সভা সমাবেশ ও মিছিল করতে দেয়া হচ্ছে না। এ অবস্থা আর মেনে নেয়া হবে না বলে তারা মন্তব্য করেন।

বিভিন্ন ঘটনার দৃষ্টান্ত তুলে ধরে তারা বলেন, গত ১৩ নভেম্বর শিক্ষা সচেতনতামূলক কর্মসূচীতে অংশগ্রহণের জন্য খাগড়াছড়ি শহরের সন্নিকটে পেরাছড়ায় গেলে ইউপিডিএফ নেতা উজ্জ্বল স্মৃতি চাকমাকে তার অপর পাঁচ সহযোগীসহ আটক করা হয়। এরপর তাদেরকে অমানুষিক শারীরিক নির্যাতনের পর মিথ্যা মামলা দিয়ে কারাগারে প্রেরণ করা হয়। তারা এখনও কারাগারে অন্তরীণ রয়েছেন। তাদের গ্রেফতারের আগে পানছড়ি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জব্বরের নেতৃত্বে পুলিশ অসুস্থ মাকে বহনকারী গাড়ী আটকিয়ে পিসিপি'র কেন্দ্রীয় সাধারণ সম্পাদক বিপুল চাকমাকে গ্রেফতার করে। তারও আগে পানছড়িতে ইউপিডিএফ অফিস থেকে পাহাড়ি ছাত্র পরিষদের ৯ নেতাকর্মীকে গ্রেফতার করা হয়। বর্তমানে তারা জামিনে ছাড়া পেয়েছেন। শুধু রাজনৈতিক নেতাকর্মীদের নয়, জনপ্রতিনিধি ও ধর্মীয় গুরুরাও প্রতিনিয়ত হয়রানির শিকার হচ্ছেন। কিছু দিন আগে পানছড়িতে রাতের আঁধারে উপজেলা চেয়ারম্যান সর্বোত্তম চাকমার বাড়ী ঘেরাও এবং লক্ষীছড়িতে বৌদ্ধ ধর্মাবলম্বীদের কঠিন চীবর দানোৎসবে আমন্ত্রিত ধর্মীয় গুরুদের দেহ ও গাড়ী তল্লাশি তার উজ্জ্বল দৃষ্টান্ত। এছাড়া জেলার বিভিন্ন এলাকায় প্রতিদিন গ্রাম ঘেরাও করে তল্লাশীর নামে নিরীহ লোকজনকে হয়রানির ঘটনা অহরহ ঘটে চলেছে।

বক্তারা অবিলম্বে ইউপিডিএফ নেতা উজ্জ্বল স্মৃতি চাকমাসহ আটককৃত সকল নেতা-কর্মীদের নিঃশর্ত মুক্তি, পার্বত্য চট্টগ্রামে রাজনৈতিক সংগঠনের নেতা-কর্মীসহ সাধারণ জনগণের উপর দমন পীড়ন ও হয়রানি বন্ধ এবং পার্বত্য চট্টগ্রামসহ সারাদেশের গণতান্ত্রিক অধিকার নিশ্চিত করার জন্য সরকারে প্রতি আহ্বান জানান।

মানববন্ধনে স্বনির্ভর, কুকিছড়া, কুড়াদিয়া ছড়া, পানছড়ি কলেজ গেট, পানছড়ি সদর, পুজগাঙ ও ধুধুকছড়া পয়েন্টে বক্তব্য রাখেন বিশিষ্ট সমাজ কর্মী ও স্বনির্ভর বাজার কমিটির সভাপতি দিপায়ন চাকমা, ভাইবোনছড়া ইউপির সাবেক চেয়ারম্যান কান্তি লাল দেওয়ান, ইউপিডিএফ-এর পানছড়ি উপজেলার প্রতিনিধি প্রহর চাকমা, চেঙ্গী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান অনিল চন্দ্র চাকমা ও মারমা ঐক্য পরিষদের কেন্দ্রীয় আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক রুমেল মারমা, হিল উইমেন্স ফেডারেশনের খাগড়াছড়ি জেলা শাখার সভাপতি দ্বিতীয়া চাকমা, পিসিপি'র পানছড়ি উপজেলা শাখার সভাপতি হিমেল চাকমা, ৫নং উল্টাছড়ি ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান বিজয় কেতন চাকমা ও সাবেক চেয়ারম্যান সুব্রত চাকমা, ৩ নং পানছড়ি সদর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান অসেতু বিকাশ চাকমা, ২ নং চেঙ্গী ইউনিয়নের চেয়ারম্যান কালা চাঁদ চাকমা, বিশিষ্ট সমাজ সেবক নন্দ লাল চাকমা, পিসিপি'র পানছড়ি উপজেলা শাখার সহ-সভাপতি জুয়েল চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের পানছড়ি উপজেলা শাখার সাধারণ সম্পাদক মিন্টু চাকমা, পিসিপি'র খাগড়াছড়ি জেলা শাখার সাংগঠনিক সম্পাদক রুপেশ চাকমা, ৪ নং লতিবান ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শান্তি জীবন চাকমা, ৪ নং লতিবান ইউনিয়ন পরিষদের সদস্য রুপন বিকাশ চাকমা, পিসিপি'র কেন্দ্রীয় সহ-সভাপতি চন্দ্রদেব চাকমা, ১ নং লোগাং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রত্যুত্তর চাকমা, পিসিপি'র কেন্দ্রীয় অর্থ সম্পাদক রতন স্মৃতি চাকমা, এলাকাবাসীর পক্ষ থেকে জগদীশ চাকমা ও ১ নং লোগাং ইউনিয়ন পরিষদে সাবেক চেয়ারম্যান সমর বিকাশ চাকমা।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ।